

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৪৬

৭. শিকার অধ্যায় (کتاب الصید)

পরিচ্ছেদঃ ৩. কুকুর হত্যা সম্পর্কে

بَابِ فِي قَتْلِ الْكِلَابِ

আরবী

أَخْبَرَنَا سَعِيدُ بْنُ عَامِرٍ حَدَّثَنَا عَوْفٌ عَنْ الْحَسَنِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُغَفَّلِ قَالَ قَالَ رَسُولُ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَوْلَا أَنَّ الْكِلَابَ أُمَّةٌ مِنْ الْأُمَمِ لَأَمَرْتُ بِقَتْلِهَا كُلِّهَا وَلَكِنْ اقْتُلُوا مِنْهَا كُلَّ أَسْوَدَ بَهِيمٍ قَالَ سَعِيدُ بْنُ عَامِرٍ الْبَهِيمُ الْأَسْوَدُ كُلُّهُ

বাংলা

২০৪৬. আবদুল্লাহ ইবন মুগাফফাল রাদ্য়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "কুকুর যদি (আল্লাহর সৃষ্ট) জাতিসমূহের এক জাতি না হত তবে আমি এর সবগুলোকে হত্যা করতে নির্দেশ দিতাম। তবে, সকল ঘোর কালো কুকুরগুলিকে তোমরা হত্যা করবে।"সাঈদ ইবনু আমির রাদ্য়াল্লাহু আনহু বলেন, ঘোর' তথা সকল কালোগুলিকে।[1]

ফুটনোট

[1] তাহকীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মাওয়ারিদুয যাম'আন নং ১৮৯৪ তে আমাদের টীকাটি দেখুন। আর আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৬৫০, ৫৬৫৫, ৫৬৫৬, ৫৬৫৭, ৫৬৫৯ তে। বিগত ২০৪৯ নং হাদীসটিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু মুগাফফাল (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন